



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-যশোর


নিটল নিলয় আর্কেড, ১০২৭/০১, ঢাকা রোড, তালতলা, যশোর-৭৪০০
www.taxeszonejashore.gov.bd

নথি নং: ০৮.০১.৪১০০.৫৫৭.০০১.১৬.০০৪০.২০২৬.৪০

তারিখ: ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

কর অঞ্চল-যশোরের অধিক্ষেত্রাধীন যশোর, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল জেলার স্থায়ী বাসিন্দাগণের মধ্য হতে ১২২টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে আগামী ১৯ জুন, ২০২৬ খ্রি. তারিখ শুক্রবার সকাল ৯:৩০ হতে সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত এবং ২০ জুন, ২০২৬ খ্রি. শনিবার প্রথম শিফট এ সকাল ১০:০০ হতে সকাল ১১:৩০ ঘটিকা পর্যন্ত এবং দ্বিতীয় শিফট এ দুপুর ১২:৩০ হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত যশোর জেলার ২টি কেন্দ্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেন্দ্র ২টি হলো: ১। যশোর ক্যান্টনমেন্ট কলেজ, যশোর এবং ২। বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, যশোর। ইতোমধ্যে প্রবেশপত্র ডাউনলোডের নিমিত্ত টেলিটকের মাধ্যমে পরীক্ষার্থীদের ক্ষুদে বার্তা প্রেরণ করা হয়েছে। পরীক্ষার্থীদের টেলিটকের ওয়েবসাইট হতে User ID ও Password ব্যবহার করে প্রবেশপত্র ডাউনলোডপূর্বক রঙ্গিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করার জন্য অনুরোধ জানানো হলো। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য কর অঞ্চল-যশোর এর ওয়েব সাইটে www.taxeszonejashore.gov.bd প্রকাশ করা হবে।


১৫/০৬/২০২৬

(দেলোয়ারা জাহান)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)

ও

সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
কর অঞ্চল-যশোর

taxeszonejashore@gmail.com